

ঢাবিতে ছাত্রদলের ওপর ছাত্রলীগের হামলার অভিযোগ, আহত ৬

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

প্রকাশ : ০৬ মে ২০২৩, ১৪:৩৬



গুরুতর আহতদের হাসপাতালে নেওয়া হচ্ছে। ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) নবীনদের শুভেচ্ছা জানানোর সময় ছাত্রদলের ওপর ছাত্রলীগের হামলার অভিযোগ উঠেছে। এতে গুরুতর আহত হয়েছেন তিন ছাত্রদল নেতাকর্মী। শনিবার (৬ মে) দুপুর সাড়ে ১২ টায় হাইকোর্ট চত্বর ও শিক্ষা ভবন এলাকায় এই হামলার ঘটনা ঘটে।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২২-২৩ শিক্ষাবর্ষে আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রামের কলা, আইন ও সামাজিক বিজ্ঞান অনুষদের ভর্তি পরীক্ষা দিতে আসা শিক্ষার্থীদের ফুলের শুভেচ্ছা দিতে আসে ছাত্রদল। হামলার ঘটনায় ছাত্রদলের ছয়জন নেতাকর্মী আহত হয়েছেন বলে জানান ঢাবি ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক তারিক।



নবীন শিক্ষার্থীদের শুভেচ্ছা জানায় নেতাকর্মীরা। ছবি: সংগৃহীত

এর মধ্যে তিনজন গুরুতর আহত। আহতরা ঢাকা ইসলামী ব্যাংক সেন্ট্রাল হাসপাতালে চিকিৎসাধীন। আহতরা হলেন ঢাবি ছাত্রদলের সিনিয়র যুগ্ম সম্পাদক মুমিনুল ইসলাম জিসান, সার্জেন্ট জহুরুল হক হলের ছাত্রদলকর্মী আব্দুল্লাহ আল সাব্বির, বঙ্গবন্ধু হলের ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক অনিক, রাজু আহমেদ যুগ্ম সম্পাদক, এ এফ রহমান হলের ছাত্রদলকর্মী জারিফ, জহুরুল হক হল ছাত্রদলের কর্মী আতিক ইশরাক।